**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/9/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল বাফেলোর মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডোরে NAACP-র বাফেলো সদর দপ্তরের কাজ শেষ হওয়ার ঘোষণা করেছেন

***বাফেলোর ঐতিহাসিক ও সাংস্কৃতিকভাবে সমৃদ্ধ পূর্ব প্রান্তে সদর দপ্তর স্থাপিত হবে***

***ন্যাশ লফ্টস বিল্ডিংয়ে প্রকল্পগুলি নিউ ইয়র্কের শহরগুলিকে পুনরুজ্জীবিত করতে গভর্নর হোকলের অঙ্গীকারের পরিপূরক***

গভর্নর ক্যাথি হোকল আজকে ন্যাশ লফ্টসে ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর দ্য অ্যাডভান্সমেন্ট অফ কালার্ড পিপলের (National Association for the Advancement of Colored People, NAACP) বাফেলো সদর দপ্তরের কাজ শেষ হওয়ার ঘোষণা করেছেন, ন্যাশ লফ্টস হল বাফেলোর মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডোরে অবস্থিত একটি নতুনভাবে সংস্কারকৃত ভবন। ডেভেলপার কর্তৃক বিনা-ভাড়ায় অফিস স্পেস প্রদান করা হচ্ছে, সেই সাথে করিডোরে আগতদের জন্য বিনামূল্যে পার্কিং থাকছে। ন্যাশ লফ্টস, একটি 6 মিলিয়ন মার্কিন ডলারের পুনঃপ্রতিষ্ঠা প্রকল্প, হল 40,000 বর্গফুটের মিশ্র ব্যবহারের ভবন যেখানে থাকবে 18টি নতুন অ্যাপার্টমেন্ট, কমার্শিয়াল স্পেস, পার্কিং এবং একটি রেস্টুরেন্ট। প্রকল্পটি মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান করিডোরের গেটওয়ে হিসেবে কাজ করে, যা জাতীয় ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত এলাকা যা বাফেলোর ঐতিহাসিক সম্প্রদায়, দোকান, রেস্টুরেন্ট, স্থাপত্য, মানুষ ও সংস্থার মাধ্যমে এর সমৃদ্ধ ইতিহাস শিখতে ইচ্ছুক বাসিন্দা ও ভ্রমণকারীদের জন্য একটি কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করে।

"আমি NAACP-কে বাফেলোর মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান করিডোরে এর নতুন আবাসে স্বাগত জানাতে পেরে গর্বিত," **গভর্নর হোকল বলেন।** "ন্যাশ লফ্টস পুনঃপ্রতিষ্ঠা এই ঐতিহাসিক এলাকাকে শক্তিশালী করার জন্য একটি মুখ্য ধাপ এবং এটি হবে NAACP-র জন্য নিখুঁত আবাস যেহেতু এটি সমতা, ন্যায়বিচার এবং আমাদের সকলের আরো ভালো ভবিষ্যতের জন্য কাজ করে যাচ্ছে।"

**লেফটেনেন্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন,** "আমি অতি আনন্দিত যে NAACP ইতিমধ্যেই ঐতিহাসিক এমন এই এলাকায় তার নতুন সদর দপ্তর খুঁজে পেয়েছে। আগের যেকোনো সময়ের থেকে এখন এটি জরুরি যে আমরা আমাদের প্রান্তিক সম্প্রদায়সমূহের জন্য NAACP-র মতো রিসোর্স গ্রুপের বাধাহীন অ্যাক্সেস প্রদান করতে পারি। NAACP-কে বাফেলোর বিকাশ ও সংস্কৃতিতে সংযোজন করতে দেখার জন্য আমি উন্মুখ।"

এক শতাব্দীর বেশি সময় ধরে NAACP সকল মানুষের রাজনৈতিক, শিক্ষামূলক, সামাজিক এবং অর্থনৈতিক সমতা নিশ্চিত করার জন্য এবং বর্ণ-ভিত্তিক বৈষম্য অপসারণ করার জন্য কাজ করছে। পুলিশ বর্বরতা, কোভিড-19 এর বিরুদ্ধে লড়াই, এবং ভোটার দমনের সাম্প্রতিক ঘটনাসমূহ NAACP-কে অসমতা ব্যাহত করা,, বর্ণবাদ চূর্ণ করা এবং অপরাধ ন্যায়বিচার, স্বাস্থ্যসেবা, শিক্ষা, জলবায়ু ও অর্থনীতির মতো মুখ্য ক্ষেত্রে পরিবর্তন ত্বরান্বিত করতে চালিত করেছে।

**NAACP বাফেলো শাখার প্রেসিডেন্ট রেভারেন্ড মার্ক ব্লু বলেন,** "NAACP ন্যাশ লফ্টসে এর অফিস অবস্থিত হওয়ার সুযোগের মর্ম উপলব্ধি করতে পারে। সংস্কারকৃত ঐতিহাসিক এই ভবনগুলি আমাদের অতীতের কথা স্মরণ করিয়ে দিবে কিন্তু সেই সাথে আমাদের প্রাণবন্ত আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডোরের ভবিষ্যৎ উপভোগ করতে দিবে। আমরা গভর্নর হোকল, মেয়র ব্রাউন এবং স্টেট ও স্থানীয় যেসকল কর্মকর্তা NAACP-র নতুন সদর দপ্তরে স্থানান্তর সম্ভব করেছেন তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

163-167 ব্রডওয়ে এবং 64 ন্যাশের (আনুমানিক 1820-র ও 1880-র দশক) ভবনগুলির ঐতিহাসিক গুরুত্ব এখনো ব্যাপক ও প্রভাবশালী ইতিহাসের একটি শক্তিশালী স্মৃতিচিহ্ন। এলিকট জেলায় ডাউনটাউন কেন্দ্রের ঠিক পূর্বে বাফেলোর কেন্দ্রে অবস্থিত মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডোর হল আফ্রিকান আমেরিকান এবং বৃহত্তর বাফেলো-নায়াগ্রা অঞ্চল উভয়ের জন্য একটি সমৃদ্ধ ও সাংস্কৃতিকভাবে উল্লেখযোগ্য স্থান।

প্রকল্পটি চারটি ভবন সংস্কার করে যেগুলি 15 বছরের বেশি সময় ধরে খালি ছিলো। এখানে রয়েছে মিশ্র আয়ের 18 ইউনিট অ্যাপার্টমেন্ট, পূর্ণ সেবার সংখ্যালঘু ও মহিলা মালিকানাধীন রেস্টুরেন্ট ও সাংস্কৃতিক স্থান, ভাড়া নেওয়ার মতো কমার্শিয়াল স্পেস যেখানে থাকছে সংখ্যালঘু ও মহিলা মালিকানাধীন ব্যবসা ও সম্প্রদায়ের প্রতিনিধিমূলক ভাড়াটিয়াদের জন্য বিশেষভাবে নির্ধারিত স্থান। সম্পূর্ণ প্রকল্পটি এমন একটি এলাকায় কর্মসংস্থান সৃষ্টি ও ব্যবসায়িক বিনিয়োগ উৎসাহিত করবে যেখানে 50 বছরের বেশি সময় ধরে বিনিয়োগ উল্লেখযোগ্য পরিমাণ হ্রাস পেয়েছে।

**মিশিগান ব্রডওয়ে, এলএলসি-র (Michigan Broadway, LLC) ব্যবস্থাপনা সদস্য স্টিভেন কার্মিনা বলেন,** "মিশিগান ব্রডওয়ে, এলএলসি-র সম্পূর্ণ মালিকানা গোষ্ঠীর পক্ষ থেকে আমি গভর্নর ক্যাথি হোকল, লেফটেনেন্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন, সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস স্টোকস, সিনেটর টিম কেনেডি, কংগ্রেসম্যান ব্রায়ান হিগিন্স, মেয়র বায়রন ব্রাউন, এবং কাউন্সিল প্রেসিডেন্ট ডারিয়াস প্রিজেনকে 2015 সাল থেকে এই প্রকল্পে আস্থা রাখার জন্য ধন্যবাদ জানাতে চাই। এটি আমাদের মালিকানা গোষ্ঠীর জন্য ভালোবাসার ফসল ছিলো এবং আজকে প্রথম দশটি অ্যাপার্টমেন্ট এবং NAACP-র নতুন আবাসকে প্রিভিউ করতে পেরে আমরা রোমাঞ্চিত। প্রকল্পটি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) এক মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান ছাড়া সম্ভব হতো না। আমরা 1 ডিসেম্বর থেকে আমাদের শহরের কর্মীবাহিনীর কাছে ইউনিট ভাড়া দেওয়া শুরু করার জন্য উদগ্রীব।"

ন্যাশ লফ্টসের অর্থায়নের মধ্যে রয়েছে ESD-র ইস্ট সাইড করিডোর ইকোনোমিক ডেভেলপমেন্ট ফান্ড (East Side Corridor Economic Development Fund, ESCEDF) থেকে 610,000 মার্কিন ডলার মূলধন অনুদান, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল (Western New York Regional Economic Development Council, WNYREDC) থেকে 450,000 মার্কিন ডলার মূলধন অনুদান, বাফেলো আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশন (Buffalo Urban Development Corporation, BUDC) থেকে 750,000 মার্কিন ডলার ব্রিজ লোন এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক্যাল প্রিজার্ভেশন (New York State Office of Parks, Recreation and Historic Preservation) থেকে আনুমানিক 1.7 মিলিয়ন মার্কিন ডলার হিস্টোরিক ট্যাক্স ক্রেডিট (Historic Tax Credits)। এছাড়াও প্রকল্পটি ইরি কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি (Erie County Industrial Development Agency, ECIDA) থেকে একটি বিক্রয় কর ও মর্টগেজ কর অব্যাহতি পেয়েছে।

**ESD-র প্রধান পরিচালনা কর্মকর্তা এবং নির্বাহী ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেন,** "আমরা ন্যাশ লফ্টসে NAACP-র অফিস উদ্বোধন উদযাপন করছি, এটি এমন একটি ভবন যা বাফেলোর মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডোরের একটি গুরুত্বপূর্ণ নোঙ্গর হিসেবে কাজ করে, যেটি হল শহরের সমৃদ্ধ আফ্রিকান আমেরিকান ইতিহাসের অভিজ্ঞতা লাভ করতে চায় এমন মানুষের জন্য একটি পর্যটন গন্তব্য ও দেখা করার স্থান।"

**নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক্যাল প্রিজারভেশনের কমিশনার এরিক কুলেসিড বলেন,** "প্রকল্পটিকে সমর্থনে সাহায্যকারী হিস্টোরিক ট্যাক্স ক্রেডিট স্টেটের ঐতিহাসিক লিগেসি রক্ষা ও সংরক্ষণ করতে পার্কসের একটি মুখ্য মিশনের প্রতিফলন। 2010 সালে বাফেলোতে কর ক্রেডিট প্রোগ্রাম সম্প্রসারণ করার পর থেকে, ক্রেডিট ব্যবহার শহরের ঐতিহাসিক রিসোর্সে 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট করেছে। সাম্প্রতিক বছরগুলিতে, এমন ক্রেডিটের সুবিধা ডাউনটাউনের কেন্দ্র থেকে ইস্ট সাইডের ক্ষুদ্রতর প্রকল্প পর্যন্ত বিস্তৃত হয়েছে। এমন ক্রেডিট মিশিগান অ্যাভিনিউ করিডোর, যা শহরের আফ্রিকান আমেরিকান সম্প্রদায়ের অতীত, বর্তমান, ভবিষ্যতের প্রতিনিধিত্ব করে, ধরে এবং এবং এর কাছে চলমান বিকাশ কাজে সমর্থনের জন্য অব্যাহত ভূমিকা রাখতে পারে।"

ন্যাশ লফ্টস প্রকল্প হল বাফেলোর ইস্ট সাইড পুনরুজ্জীবিত করতে অবদান রাখা অনেক প্রকল্পের একটি। নিউ ইয়র্ক স্টেটের ইস্ট সাইড করিডোর ইকোনোমিক ডেভেলপমেন্ট ফান্ড মোট 50 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করছে বাফেলোর ইস্ট সাইডের চারটি মূল বাণিজ্যিক করিডোরে বিনিয়োগের জন্য: মিশিগান, জেফারসন, ফিলমোর ও বেইলি এভিনিউ। অর্থায়ন ঐতিহ্যগত প্রধান সড়ক ও বাণিজ্যিক করিডোর পুনর্জীবিত করতে সাহায্য করবে ঐতিহাসিক ভবন সংরক্ষণ এবং মিশ্র-ব্যবহারের বেসরকারি বিনিয়োগ ধারণ; এলাকার সম্পদের মূলধন উন্নয়ন অর্থায়ন; বাণিজ্যিক সুযোগ বৃদ্ধি এবং হাঁটার ক্ষমতা উৎসাহিত ও বৃদ্ধি করা; এবং এইসব এলাকার অবকাঠামো উন্নয়নের মাধ্যমে। তহবিলটি নেইবারহুড স্ট্যাবিলাইজেশন ইনিশিয়েটিভের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার এবং বাফেলো সেন্ট্রাল টার্মিনালের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার, 2017 সাল থেকে ইস্ট সাইডের উপর পূর্বের মোট 65 মিলিয়ন মার্কিন

ডলার বিনিয়োগের পরিপূরক। এসব বিনিয়োগের ব্যাপারে আরো বিস্তারিত খুঁজে নিন ইস্ট সাইড করিডোর ইকোনমিক ডেভেলপমেন্ট ফান্ড বুকলেট এখানে।

**মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডোর কমিশনের (Michigan Street African American Heritage Corridor Commission) নির্বাহী পরিচালক টেরি আলফোর্ড বলেন,** "আমরা অত্যন্ত উদ্দীপিত ও আনন্দিত যে আমাদের স্থানীয় NAACP আমাদের হেরিটেজ করিডোরে ফেরত আসছে। এটি আমাদের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ কারণ NAACP-র নতুন অফিসটি একসময় যেখানে জাতীয় সামাজিক ন্যায়বিচারের চ্যাম্পিয়ন ম্যারি টেলবার্টের বাড়ি অবস্থিত ছিলো তার থেকে মাত্র কয়েক কদম দূরে অবস্থিত, এটি মিশিগান স্ট্রিট ব্যাপ্টিস্ট চার্চ, আন্ডারগ্রাউন্ড রেলরোডের শেষ স্টেশনগুলির একটির ঠিক সংলগ্ন, যেখানে 1905 সালে বিশিষ্ট আফ্রিকান আমেরিকান নাগরিক অধিকার বুদ্ধিজীবীরা, যাদের মধ্যে রয়েছেন ডব্লিউ.ই.বি. ডু বইস এবং উইলিয়াম মনরো ট্রটার, সেই সাথে চার্চের দীর্ঘতম সময় সেবাদানকারী প্যাস্টর রেভারেন্ড জে. এডওয়ার্ড ন্যাশ, নায়াগ্রা মুভমেন্ট স্থাপন করেছিলেন, যেটি হল NAACP-র অগ্রদূত। আমাদের মনে হচ্ছে তারা বাড়ি ফিরে এসেছে।"

**সিনেটর টিম কেনেডি বলেন,** "রেভারেন্ড মার্ক ব্লুর অসামান্য নেতৃত্বাধীনে, NAACP বাফেলো শাখা অবিচারের বাধা ভেঙ্গে চলেছে এবং বর্ণবাদ ও সামাজিক সমতার মধ্যকার ব্যবধান মিটিয়ে যাচ্ছে যা পুরো সম্প্রদায়েই রয়েছে। নতুন সদর দপ্তর, যা যথাযথভাবে ঐতিহাসিক মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান করিডোরে অবস্থিত, আরো শক্তিশালী, আরো সর্বব্যাপী ভবিষ্যৎ গঠনে তাদের মিশনকে আরো অগ্রসর করবে, একইসাথে বাফেলোর আফ্রিকান আমেরিকান সম্প্রদায়ের ইতিহাস ও লিগেসিকে সম্মান প্রদর্শন করবে।"

**সংখ্যাগরিষ্ঠ অ্যাসেম্বলি নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন,** "NAACP-কে শহরের আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডোরে তাদের নতুন সদর দপ্তরে স্বাগত জানাতে পারা আমার জন্য দারুণ সম্মানের ব্যাপার। ন্যাশ লফ্টস ভবনে 6 মিলিয়ন মার্কিন ডলারের মিশ্র-ব্যবহারের আবাসন নির্মাণ পুনঃপ্রতিষ্ঠা প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন হওয়া হল বাসিন্দাদের সাশ্রয়ী আবাসন ও সংখ্যালঘু ও মহিলা উদ্যোক্তাদের কমার্শিয়াল স্পেস ও সুযোগ প্রদানের মাধ্যমে আমাদের সম্প্রদায়কে পুনরুজ্জীবিত করতে স্থানীয় ও স্টেট রিসোর্স ব্যবহারের একটি উজ্জ্বল উদাহরণ। আমি নিউ ইয়র্ক অফিস অফ পার্কস, মিশিগান ব্রডওয়ে এলএলসি এবং অন্য সকল সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের, যাদের নেতৃত্ব এই প্রকল্পকে বাস্তবে পরিণত করতে অবদান রেখেছে, প্রশংসা করছি।"

**বাফেলো সিটির মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন,** "NAACP-র বাফেলো অধ্যায়ের নতুন অফিসের কাজ সম্পন্ন হওয়া ঐতিহাসিক আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডোর পুনরুজ্জীবিত করার দিকে আরেকটি প্রধান অগ্রগামী ধাপ। ন্যাশ লফ্টসে NAACP-র নতুন আবাস আন্ডারগ্রাউন্ড রেলরোড এবং সিভিল রাইটস মুভমেন্টের জন্য অতি গুরুত্বপূর্ণ একটি অবস্থান হিসেবে সাইটটির অতীতের সাথে পুনরায় সংযোগ স্থাপন করে। আমি বাফেলোর ইস্ট সাইড ও এই ঐতিহাসিক করিডোরটির প্রতি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের অব্যাহত অঙ্গীকারের জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

**সিটি অফ বাফেলো কমন কাউন্সিলের প্রেসিডেন্ট ডারিয়াস প্রিজেন বলেন,** "NAACP আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডোরে বাড়ি ফিরে আসছে। আমরা তাদের স্বাগত জানাচ্ছি যখন বাফেলোর সম্পূর্ণ শহর এলাকাটিকে এমন বানানোর জন্য কাজ করছে যেখানে আমরা আমাদের আফ্রিকান আমেরিকান ইতিহাস স্মরণ করতে পারবো, আমাদের সঙ্গীত ও সংস্কৃতি উদযাপন করতে পারবো, এবং একে অপরকে সমর্থন ও প্রতিপালন করার জন্য এবং উজ্জ্বলতর ভবিষ্যৎ তৈরির জন্য একটি সম্প্রদায় হিসেবে একত্রিত হতে পারবো।"

**ইরি কাউন্টি নির্বাহী মার্ক পলঙ্কার্জ বলেন,** "ন্যাশ লফ্টসে NAACP-র নতুন স্থান হল মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডোরের পুনরুত্থানের জন্য স্বাগত সঙ্কেত এবং নতুন শক্তি যা বাফেলোর ইস্ট সাইডকে উদ্দীপিত করছে। ব্রডওয়ে ও ন্যাশের ঐতিহাসিক ও সুন্দরভাবে পুনঃপ্রতিষ্ঠিত ভবনে অবস্থিত, 6 মিলিয়ন মার্কিন ডলারের ন্যাশ লফ্টসের পুনঃপ্রতিষ্ঠা প্রকল্পে নতুন সদর দপ্তর ও সংশ্লিষ্ট জায়গা ভবিষ্যতের দূরদৃষ্টি নিয়ে এলাকায় জীবনীশক্তি যোগ করে।"

**বাফেলো NAACP-র ব্যাপারে আরো তথ্য খুঁজে পাওয়া যাবে** এখানে।

**ন্যাশ লফ্টসের ব্যাপারে আরো তথ্য খুঁজে পাওয়া যাবে** এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন